

ব্যাংকিং প্রিবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
চাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩

২৬ জুন ২০১৮
তারিখ : _____
১২ আষাঢ় ১৪২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সব তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

চাল আমদানির ক্ষেত্রে এলসি মার্জিন নির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১৯ জুন ২০১৭ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬ এবং ২১ জুন ২০১৭ তারিখে
জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬/২০১৭ ও ০৭/২০১৭ এর মাধ্যমে দেশে প্রাকৃতিক দুর্যোগের কারণে চালের স্বাভাবিক
সরবরাহে বিষ্ণু ঘটায় বাজারে চালের সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে চাল আমদানির ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে শূন্য
মার্জিনে ঝণপত্র স্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, Pledge এবং Hypothecation এর বিপরীতে রিভলভিং সিসি/ওডি
খণ্ডের ক্ষেত্রে স্থানীয় মিল মালিকগণসহ সকল ধান/চাল ব্যবসায়ীদের গৃহীত অগ্রীম/খণ্ড সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের পরিবর্তে
৩০(ত্রিশ) দিন অন্তর অন্তর আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করার নির্দেশনা প্রদান করা হয়। উল্লিখিত নির্দেশনার কার্যকারিতা
৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে শেষ হয়ে গিয়েছে।

০৩। সাম্প্রতিক সময়ে দেশের আবহাওয়া ধান চাষের অনুকূলে থাকায় চলতি বছর ধানের উৎপাদন সম্মোষজনক হয়েছে।
এতদ্প্রেক্ষিতে কৃষক ও স্থানীয় চাল উৎপাদকদের ধান/চাল এর ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করাসহ কৃষকদের ধান চাষে উৎসাহ
প্রদানের লক্ষ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। এতদ্যুতীত সরকার খাদ্য শস্যের মজুদ কাঙ্ক্ষিত পর্যায়ে সংরক্ষণের মাধ্যমে
খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে কাজ করছে। বর্ণিত উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে, চাল আমদানির ক্ষেত্রে খণ্ড বুঁকি বিবেচনায় ব্যাংকার-
গ্রাহক সম্পর্কের ভিত্তিতে মার্জিনের হার নির্ধারণ করে ঝণপত্র খোলার জন্য পরামর্শ প্রদান করা হলো। তবে, কোন অবস্থায় শূন্য
মার্জিনে ঝণপত্র স্থাপন করা যাবে না।

০৪। উল্লেখ্য, Pledge এবং Hypothecation এর বিপরীতে রিভলভিং সিসি/ওডি খণ্ডের ক্ষেত্রে স্থানীয় মিল মালিকগণসহ
সকল ধান/চাল ব্যবসায়ীদের গৃহীত অগ্রীম/খণ্ড সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) দিন অন্তর অন্তর আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করতে
হবে মর্মে পুনর্গন্ধনির্দেশনা প্রদান করা হলো।

০৫। উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাহের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২